দৈনিক বাংলা

তারিখ ... 01 NOV 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

(২৫

44

# আমাদের শিক্ষা ব্যবস্থার লক্ষ্য মানব সম্পদ উন্নয়ন ঃ কাজী জাফর

ব্রীজটাউন (বার্বাডোজ), ৩১শে অক্টোবর।– প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, মানব সম্পদের উন্নয়নই বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার লক্ষ্য। তিনি বলেন, সার্বিকভাবে দেশের শিক্ষা ব্যবস্থা ও বিশেষভাবে জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের জন্য প্রেসিডেন্ট এরশাদ একাধিক পদক্ষেপ গ্রহণ করেছেন।

প্রধানমন্ত্রী এখানে একাদশ কমনওয়েলথ শিক্ষামন্ত্রী সম্মেলনে যোগদানকারী প্রতিনিধিবৃন্দের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

কাজী জাফর আহমদ বলেন, দেশের শিক্ষা ব্যবস্থার বাস্তবায়ন কার্যক্রমে জনপ্রতিনিধিরাও এখন বিকেন্দ্রীকৃত প্রশাসনের বিভিন্ন পর্যায়ে সম্পৃক্ত। প্রেসিডেন্ট এরশাদ প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন ও বাধ্যতামূলক করেছেন। ফার্স্ট লেডীর অনুপ্রেরণায় ছিন্নমূল শিশুদের শিক্ষাদানের জন্য পথকলি ট্রাস্টের আওতায় গঠিত হয়েছে পথকলি বিদ্যালয়। নারী শিক্ষা এখন অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক। মৌলিক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায়ও বিভিন্ন বাস্তবায়ন কৌশল ও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।